# খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি
## ঠিকরাবন্দ, খুলনা

দুরালাপনী
অফিস : ০১৭৬৯-৪০০০৪০
হট লাইন : ০১৭৬৯-৪০৪০৬৯
অভিযোগ কেন্দ্র : ০১৭৬৯-৪০১৩২৩
E-mail : khulnapbs@yahoo.com
Web : pbs.khulna.gov.bd


স্মারক নং-২৭.১২.৪৭১২.৫৬৭.০২.০০৮.২৪. ২৭৪৬

তারিখঃ- ০৪ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাঃ
১৯ নভেম্বর ২০২৪ খ্রিঃ

# "আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

খুলনা পল্লী বিদ্যুৎ সমিতির **"লাইন টেকনিশিয়ান"**-এর শূন্য পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের লক্ষ্যে পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ এবং ৩০০-২৪ এর আলোকে পদোন্নতির যোগ্যতা সম্পন্ন বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত আগ্রহী প্রার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন ও অন্যান্য ভাতা | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | **"লাইন টেকনিশিয়ান"** | **১২ টি** (কম/ বেশি হতে পারে) | পবিস নির্দেশিকা ৩০০-১৩, ৩০০-১৭ অনুযায়ী বেতন ভাতাদি ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে। | ক) এসএসসি বা সমমানের (বিজ্ঞান বিভাগের অগ্রাধিকার) এবং লাইনম্যান গ্রেড-১ পদে নিয়মিত হিসেবে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে এবং চাকুরীর মেয়াদ কমপক্ষে ১০ (দশ) বছর হতে হবে।<br>(খ) বিদ্যুৎ বিতরণের লাইন নির্মাণ, রক্ষনাবেক্ষণ ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী সকল প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে।<br>ঘ) বৈদ্যুতিক লাইন, স্টেকিং শীট, বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা, বিতরণ লাইনের রক্ষণাবেক্ষণ কাজে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>(ঙ) জরুরী প্রাথমিক চিকিৎসায় পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>(চ) প্রার্থীকে অবশ্যই পোলে উঠে কাজ করার সামর্থ্য থাকতে হবে।<br>(ছ) অধীনস্থ লাইনক্রুদের নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে।<br>(জ) প্রার্থীকে লাইনম্যান গ্রেড-১ পদের সর্বশেষ ০৩(তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং প্রত্যেক বছরের ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>(ঞ) পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী পদোন্নতির জন্য অন্যান্য সকল শর্ত পূরণ হতে হবে। |

শর্তাবলীঃ-

০১। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে খুলনা পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগোলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই ।

০২। আবেদনকারীকে খামে পদের নাম উল্লেখ করে A4 সাইজের সাদা কাগজে স্বহস্তে বাংলায় লিখিত আবেদনপত্রেঃ (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ঠ) চাকুরীতে নিয়মিতকরনের তারিখ উল্লেখপূর্বক আবেদনপত্রসহ আগামী ০৮/১২/২০২৪ইং তারিখ, রোজ রবিবার, সকাল ১১.০০ ঘটিকার সময় খুলনা পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, ঠিকরাবন্দ, খুলনায় স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

০৩। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ-

(ক) বর্তমান পদে যোগদান, নিয়মিতকরণ পত্রের সত্যায়িত ফটোকপি।
(খ) পবিস নির্দেশিকা ৩০০-৮,৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি।
(গ) বিগত ০৩(তিন) বছরের কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত ফটোকপি।
(ঘ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি (মূল ড্রাইভিং লাইসেন্স সঙ্গে আনতে হবে)।
(ঙ) সাম্প্রতিক তোলা ০২(দুই) কপি রঙিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।

(চ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি।

(ছ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি এবং সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি।

(জ) সর্বশেষ ০৫ বছরের দন্ড উল্লেখপূর্বক বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক পদোন্নতির সুপারিশসহ প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। সকল ফটোকপি কাগজপত্র এজিএম(এইচআর/প্রশাসন) কর্তৃক সত্যায়িত হতে হবে।

(ঝ) নিম্নোক্ত প্রার্থীগণ পদোন্নতির অযোগ্য বিবেচিত হবেনঃ

(১) সর্বশেষ ০৩ (তিন) বছর কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন, (২) সর্বশেষ ০১(এক) বছর কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন, (৩) বিগত ০৫(পাঁচ) বছরের ভিতর একাধিক বার গুরু দন্ড প্রাপ্ত হয়েছেন, (৪) বিগত ০৪(চার) বছরের ভিতর ০১ বার গুরুদন্ড এবং ০১ বার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন, (৫) বিগত ০৩(তিন) বছরের ভিতর একের অধিক বার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন, (৬) পদোন্নতির জন্য ০৩ বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন, (৭) বর্তমান বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন কোন কর্মচারী এবং (৮) দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলায় বিচারাধীন/অভিযুক্ত কোন কর্মচারী।

০৪। পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালার সকল শর্তাদি প্রযোজ্য হবেঃ

ক) পবিস নির্দেশিকা ৩০০-০৮ এবং৩০০-১৪ এ সংশ্লিষ্ট পদের '' পদ বিবরণী'' তে উল্লেখিত সকল শর্তাদি পুরণ করতে হবে।

খ) পদোন্নতির বিষয়ে পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুচ্ছেদ-এ উল্লেখিত বিধান/শর্তাদি পূরণ করতে হবে।

গ) পবিস কর্মচারী চাকুরী বিধি ১৯৯২(সংশোধিত-২০১২) এর ধারা ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।

ঘ) সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী মূল বেতন সংরক্ষণ করা হবে।

০৫। পদোন্নতি প্রদানের ক্ষেত্রে ''পবিস চাকুরী বিধি (সংশোধিত-২০১২)'' এবং পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ প্রতিপালন করা হবে।

০৬। লাইন টেকনিশিয়ান পদে নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য '' চলতি দায়িত্ব'' হিসেবে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে ফেরৎ যেতে হবে।

০৭। খুলনা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/ মহিলা পরিচালকদের স্বামী/স্ত্রী অথবা রক্ত সম্পর্কীয় কোন আত্নীয়-স্বজন আবেদন করতে পারবেন না। কোন প্রার্থী তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে।

০৮। নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৯। কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন আবেদন গ্রহণ/বাতিল অথবা এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১০। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ জিল্লুর রহমান)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ**- (সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)

০১॥ নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।

০২॥ পরিচালক,পবিস মানব সম্পদ /পবিস মনিটরিং ও ব্যঃ পঃ(পঃঅঃ)পরিদপ্তর,বাপবিবো, ঢাকা

০৩॥ সিনিয়র সিস্টেম এনালিষ্ট (আইসিটি পরিদপ্তর), বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েবসাইডে প্রকাশের অনুরোধসহ)।

০৪॥ জেলা প্রশাসক/পুলিশ সুপার, খুলনা।

০৫॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....................................পবিস-১/২/৩/৪।

০৬॥ একান্ত সচিব, মাননীয় চেয়ারম্যান, বাপবিবো,ঢাকা।

০৭॥ ডিজিএম-পাইকগাছা/ সেনেরবাজার/ডুমুরিয়া/কয়রা জোনাল অফিস/(সদর-কারিগরী), খুলনা পবিস।

০৮॥ এজিএম (ওএন্ডএম), দাকোপ/ তেরখাদা/শাহপুর সাব-জোনাল অফিস, খুলনা পবিস।

০৯॥ এজিএম (অর্থ/ওএন্ডএম/এমএস/ইএন্ডসি/প্রশাসন), খুলনা পবিস।

১০॥ এজিএম (আইটি), খুলনা পবিস (ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনা)

১১॥ নোটিশ বোর্ড, খুলনা পবিস।

১২॥ অফিস/মাস্টার কপি।

জেনারেল ম্যানেজার
খুলনা পবিস।